

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ৭, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-৫ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৮ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ/০১ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৫-আইন/২০২৩।—সরকার, সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার তফসিল-১ এর কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং (১৩) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত দফা (খ) এর পর নিম্নরূপ দফা (গ) এবং উহার বিপরীতে কলাম (৪) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:—

(গ) সরকারি মাদ্রাসা-ই আলিয়া-এর জন্য: প্রভাষক	(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি।
---	--

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মেজবাহু উদ্দিন চৌধুরী
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৯২১)

মূল্য : টাকা ৪.০০